EIIN 139058

একটি ব্যতিক্রমধর্মী ডিজিটাল শিক্ষা প্রতিষ্ঠান

ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর

স্থাপিত-২০১৬ খ্রি.

# প্রসপেক্টাস





## ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর

ফাইয়াজ স্কুল এন্ড কলেজ রোড, দেওডোবা বানিয়াপাড়া (রংপুর কেন্দ্রীয় বাসটার্মিনাল হতে ১.৫ কি.মি. দক্ষিণে) রংপুর সদর, রংপুর

হটলাইন : ০১৯৩৩-৩৩৯০০০, ০১৭৩৭-৯৭৬৭২৫

www.facebook.com/faiyazscr www.faiyazscr.edu.bd

**প্রতিষ্ঠান পরিচিতি:**

"ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর" একটি ব্যতিক্রমধর্মী ডিজিটাল শিক্ষা প্রতিষ্ঠান। রংপুর কেন্দ্রীয় বাসটার্মিনাল হতে ১.২৫ কি.মি. দক্ষিণে রংপুর সিটি কর্পোরেশনের ১৪ নং ওয়ার্ডের অন্তর্গত ফাইয়াজ স্কুল এন্ড কলেজ রোড সংলগ্ন দেওডোবা বানিয়াপাড়ায় নিরাপত্তা প্রাচীর সম্বলিত গাছপালা বেষ্টিত মনোরম পরিবেশে অত্র প্রতিষ্ঠানটি অবস্থিত। যা ২৫ সেপ্টেম্বর ২০১৫ এ কার্যক্রম শুরু করে ২০১৬ সালের ৬ জানুয়ারি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। অত্র প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা প্রতিষ্ঠালগ্ন থেকে বিভিন্ন পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করে সাফল্যের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। আধুনিক প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার, প্রযুক্তি নির্ভর সহজ পাঠদান পদ্ধতি, অভিজ্ঞ শিক্ষক মন্ডলী এবং দক্ষ কর্তৃপক্ষের তত্ত্বাবধানে প্রতিষ্ঠানটি পরিচালিত।

**প্রতিষ্ঠানের বৈশিষ্ঠ্যঃ**

❒ মিড ডে মিল সুবিধা (মাত্র ৩০ টাকায় দুপুরের খাবারের সুব্যবস্থা)
❒ অভিজ্ঞ, দক্ষ, প্রশিক্ষিত ও দায়িত্বশীল শিক্ষক মন্ডলী দ্বারা পাঠদান।
❒ পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য বিশেষ তত্ত্বাবধান।
❒ ছবি আঁকা, বিতর্ক, আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, শুদ্ধ উচ্চারণে কথা বলা ও আদব-কায়দা শিক্ষাদান।
❒ পদার্থ বিজ্ঞান, জীববিজ্ঞান, রসায়ন এর জন্য বিজ্ঞানাগার।
❒ সম্মানিত অভিভাবকদের মোবাইলে এস এম এস এর মাধ্যমে সন্তানের স্কুলে আসা না আসার তথ্য, নোটিশ, ফলাফল ইত্যাদি পাঠানো হয়।
❒ জেনারেটর এর মাধ্যমে সার্বক্ষণিক বিদ্যুৎ সুবিধা।
❒ নিয়মিত ভলিবল, ফুটবল, ক্রিকেটসহ বিভিন্ন টুর্নামেন্টের আয়োজন
❒ বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা, দন্ত চিকিৎসা, ব্লাড গ্রুপিং ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা।
❒ পরিবহন সুবিধা (শুধুমাত্র দূরবর্তী শিক্ষার্থীদের জন্য) ❒ স্কুল ক্যান্টিন।
❒ অগ্নি নির্বাপক ব্যবস্থা। ❒ মসজিদ ঘর। ❒ স্কুল মাঠ।

**প্রাথমিক সমাপনি (পিইসি) পরীক্ষায় অর্জন**

| সাল | A+ | A | A- | B | সর্বোমোট | পাশের হার |
|---|---|---|---|---|---|---|
| ২০১৭ | ১৪ | ১১ | - | - | ২৫ জন | ১০০% |
| ২০১৮ | ১০ | ১৫ | ০২ | ০২ | ২৯ জন | ১০০% |
| ২০১৯ | ১৪ | ১৭ | ০১ | - | ৩২ জন | ১০০% |

**জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় অর্জন**

| সাল | A+ | A | A- | B | সর্বোমোট | পাশের হার |
|---|---|---|---|---|---|---|
| ২০১৭ | ০৬ | ০৩ | - | - | ০৯ জন | ১০০% |
| ২০১৮ | ০৪ | ১৮ | ০৬ | ০৩ | ৩১ জন | ১০০% |
| ২০১৯ | ০৭ | ২৭ | ০১ | - | ৩৫ জন | ১০০% |

**মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অর্জন**

| সাল | A+ | A | A- | B | সর্বোমোট | পাশের হার |
|---|---|---|---|---|---|---|
| ২০১৯ | ০৩ | ০৩ | ০৩ | ০১ | ১০ জন | ১০০% |
| ২০২০ | ০৩ | ২০ | ১০ | ০৩ | ৩৬ জন | ১০০% |
| ২০২১ | ১৩ | ১৬ | ০১ | ০১ | ৩১ জন | ১০০% |

**পাঠদান ও মূল্যায়ন পদ্ধতিঃ**

* সুনির্দিষ্ট একাডেমিক পরিকল্পনা।
* সুনির্দিষ্ট ক্লাস রুটিন।
* ধারাবাহিক মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই।
* মডেল টেস্ট (বিশেষ শ্রেণির ক্ষেত্রে)।
* হোয়াইট বোর্ড, মাল্টিমিডিয়া ও ডিজিটাল শিক্ষা উপকরণ ব্যবহার।

**বিশেষ সুযোগ সুবিধা ঃ**

**শ্রেণিকক্ষঃ** আধুনিক সুবিধাসহ প্রত্যেক ছাত্র-ছাত্রীদের জন্য ডেস্ক/বেঞ্চ, হোয়াইট বোর্ড, বৈদ্যুতিক পাখা, বাতি ছাড়াও অবাধে আলো বাতাস চলাচলের জন্য সুপ্রশস্ত জানালা সহ সুসজ্জিত শ্রেণিকক্ষের সুবিধা। এছাড়াও শ্রেণিতে রয়েছে ওভারহেড প্রজেক্টর সম্বলিত আধুনিক শ্রেণিকক্ষ। প্রত্যেকটি ক্লাস সিসি ক্যামেরার মাধ্যমে পর্যবেক্ষণ করা হয়।

**নিরাপত্তাঃ** প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তার জন্য সিকিউরিটি অফিসার, বিভিন্ন অবস্থানে নিয়োজিত অফিস সহায়ক যারা সর্বদা প্রতিষ্ঠানের সুষ্ঠু পরিবেশ তৈরিতে নিয়োজিত। সিসি ক্যামেরার মাধ্যমে পুরো প্রতিষ্ঠান অঙ্গনকে সার্বক্ষণিক মনিটরিং করা হয়। এ ছাড়াও প্রতিদিন ৫/৬ জন শিক্ষক (ডিউটি অফিসার কমিটি), যাঁরা প্রতিষ্ঠানের পরিবেশ, নিরাপত্তা, শিক্ষার মান, ক্লাস পর্যবেক্ষণ কাজে নিয়োজিত।

**আবাসিক শিক্ষার্থীদের যেসকল সুবিধা থাকবেঃ**

১. খাট, চেয়ার, টেবিল, কাপড় রাখার হ্যাঙ্গার, প্লেট, বাটি, গ্লাস , জগ, ফ্যান, লাইট, প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা।

২. আবাসিক ছাত্র-ছাত্রীদের পৃথক উন্নত আবাসিক সুবিধা, স্বাস্থ্য সম্মত ও মানসম্মত খাবার এবং শীতকালে গরম পানির সুবিধা।

৩. নর সুন্দরের দ্বারা প্রতিষ্ঠানেই চুল কাটার ব্যবস্থা।

৪. কোরআন শিক্ষা।

৫. খেলাধূলা।

৬. পাঁচওয়াক্ত নামাজের সুবিধা।

৭. শিক্ষার্থীদের দ্বি-মাসিক ঘুরতে নিয়ে যাওয়া।

৮. অভিভাবকের নিকট নিয়মিত মাসিক প্রতিবেদন প্রেরণ।

৯. সান্ধ্যকালীন ক্লাস এর ব্যবস্থা।

**যা যা আনতে হবেঃ** বেড শিট, তোষক, বালিশ, বালিশের কভার, মাঝারি সাইজের ট্রাংক, (উচ্চতা ১´ x দৈর্ঘ্য ২´) রুমে পানি খাওয়ার মগ, গোসলের বালতি, গোসলের মগ, মশারি, সাবান সহ অন্যান্য প্রয়োজনীয় জিনিস পত্র।

## আবাসিক শিক্ষার্থীদের দৈনিক খাদ্য তালিকা

| বার | সকাল | দুপুর | বিকাল | রাত |
|---|---|---|---|---|
| শনিবার | ভাত, বুটের ডাল, ভাজি | ভাত, ডিম ভুনা, মসুর ডাল, ভাজি | নুডুলস | ভাত, বড় মাছ, সবজি মুগডাল |
| রবিবার | ভুনা খিচুড়ি, ডিম ভাজি | ভাত, মুরগির মাংস, বুটের ডাল | বুট, মুড়ি | ভাত, সবজি, মসুর ডাল |
| সোমবার | ভাত, মুগডাল, ভাজি | ভাত, বড় মাছ, সবজি, মসুর ডাল | নুডুলস | ভাত, ডিম, আলুর ডাল |
| মঙ্গলবার | ভাত, মাসকলাই ডাল, ভর্তা | ভাত, ডিম, আলুর ডাল | নরম খিচুড়ি | ভাত,সবজি, বুটের ডাল, গাভীর দুধ |
| বুধবার | ভুনা খিচুড়ি, ডিম ভাজি | ভাত, মুরগির মাংস, মসুর ডাল, ভর্তা | কলা, পাউরুটি | ভাত, মাসকলাই ডাল, সবজি, কলিজা |
| বৃহস্পতিবার | ভাত, ভর্তা, মসুর ডাল | ভাত, বড় মাছ, মুগডাল | নরম খিচুড়ি | ভাত, ডিম, আলুর ডাল |
| শুক্রবার | ভাত, মুগডাল, ভর্তা | পোলাও, মাংস, বুটের ডাল | পায়েস, মুড়ি | ভাত, মসুর ডাল, সবজি |

বিঃদ্রঃ বিশেষ কারণে রুটিন পরিবর্তন হতে পারে।

**আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ**

অফিস থেকে বা প্রতিষ্ঠানের ওয়েব সাইটে আবেদন ফরম পূরন করে প্রিন্ট কপি অফিসে জমা দেওয়ার সময় নির্ধারিত মূল্য ১০০ টাকা জমা দিতে হবে অথবা অফিসে সরাসরি ফরম পূরণ করে জমা দেওয়া যাবে।

**যে সকল ক্লাসে ভর্তি করানো হবে ঃ** (প্লে থেকে নবম শ্রেণী)

শিক্ষার্থীদের ভর্তির যোগ্যতা ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের লটারী/স্পট টেস্ট লিখিত (দ্বিতীয় থেকে নবম শ্রেণি) ও লটারী/মৌখিক (প্লে থেকে প্রথম শ্রেণি) পরীক্ষার ৫০ নম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে। আসন সংখ্যা অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে বাছাই করা হবে। তবে স্পট টেস্টে ৫০% নম্বর না পেলে সেই শিক্ষার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

**শিক্ষার্থীর বয়স ঃ**

প্লে গ্রুপ ৩+, নার্সারি ৪+, কেজি ৫+, ১ম শ্রেণি ৬+, ২য় শ্রেণি ৭+, ৩য় শ্রেণি ৮+, ৪র্থ শ্রেণি ৯+, ৫ম শ্রেণি ১০+, ষষ্ঠ থেকে নবম পূর্ববর্তী শ্রেণি পাশ। শিক্ষার্থীদের বয়স, অভিরুচি, সামর্থ্য সর্বক্ষেত্রে সরকারি বিধি বিবেচনা করা হবে।

**ভর্তির সময় যা যা প্রয়োজন হবে ঃ**

১. জন্ম নিবন্ধন সনদ এর ফটোকপি।

২. চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।

৩. পিতা মাতা বা অভিভাবকের প্রত্যেকের দুই কপি ছবি ও এন.আই.ডি কার্ডের ফটোকপি।


৪. ৫ম ও ৮ম শ্রেণির পরীক্ষার মার্কশীটের ফটোকপি/মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৫. পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬. পূর্ববর্তী প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অধ্যয়নরত প্রসংশাপত্র/ ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

**ফি পরিশোধ পদ্ধতিঃ**

* মাসিক বেতন চলতি মাসের ০১ থেকে ১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।
* নির্ধারিত তারিখের পর প্রদান করলে ৫০/- (পঞ্চাশ) টাকা জরিমানা প্রদান করতে হবে।
* পরপর দুই মাস বেতন বকেয়া হলে ১০০/- (একশত) টাকা জরিমানা দিতে হবে।
* তবে তিন মাসের বেতন বকেয়া হলে ভর্তি বাতিল হবে।
* এক্ষেত্রে পুনরায় ভর্তি ফি প্রদান সাপেক্ষে ভর্তি হতে হবে।
* পরীক্ষার ফি বা অন্যান্য ফি নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে।
* নির্বাচনি/ বার্ষিক পরীক্ষা শুরুর পূর্বেই চলতি শিক্ষাবর্ষের যাবতীয় ফি পরিশোধ করতে হবে।
* দূরবর্তী অভিভাবকগণ ০১৯৩৩৩৯০৯৯ নম্বরে বিকাশ পেমেন্টের মাধ্যমে বেতন পরিশোধ করতে পারবেন।



১ম থেকে ৪র্থ

শীতকালীন
প্রতিষ্ঠানের মনোগ্রামযুক্ত ফুলহাতা নেভী ব্লু সোয়েটার ও টাই অন্তর্ভূক্ত হবে।

গ্রীষ্মকালীন

গ্রীষ্মকালীন
শীতকালীন পোশাকে গ্রীষ্মকালীন পোশাকের সাথে প্রতিষ্ঠানের মনোগ্রামযুক্ত ফুলহাতা নেভী ব্লু কার্ডিগান অন্তর্ভূক্ত হবে।

**গ্রীষ্মকালীন পোশাক ঃ**

**ছাত্র ঃ**

* সাদা হাফ শার্ট
* ডার্ক নেভি ব্লু ফুলপ্যান্ট (প্লে-কেজি হাফ প্যান্ট)
* কালো বেল্ট, আইডি কার্ড, নেমপ্লেট। সাদা কেডস, সাদা মোজা (প্লে থেকে চতুর্থ শ্রেণি) কালো সু, সাদা মোজা (পঞ্চম থেকে দশম শ্রেণি)

**ছাত্রী ঃ**

* ফিরোজা কালার বেবি ফ্রক, সাদা টাইস, সাদা কেডস, সাদা মোজা (নমুনা অনুযায়ী প্লে থেকে চতুর্থ শ্রেণি)
* ফিরোজা কালার কামিজ (নমুনা অনুযায়ী) সাদা সালোয়ার।
* বেলযুক্ত ওড়না, মনোগ্রামযুক্ত সাদা এপ্রোন (৬ষ্ট-১০ম শ্রেণি), সাদা স্কার্ফ।
* নেমপ্লেট, আইডি কার্ড।
* কালো পাম্প/পিটি সু (পঞ্চম থেকে দশম শ্রেণি), সাদা মোজা।

**শীতকালীন পোশাক ঃ**

উল্লেখিত ড্রেসের সাথে ভি কলারের নেভি ব্লু সোয়েটার, স্কুলের মনোগ্রামযুক্ত টাই। হাফ শার্ট, প্যান্ট এর পরিবর্তে ফুল শার্ট ও প্যান্ট যুক্ত হবে।

**নিয়ম-কানুন ও শৃঙ্খলা সম্পর্কিত অবশ্যই পালনীয়ঃ**

* প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অবশ্যই নিয়মিত ভাবে যথাসময়ে নির্ধারিত পোশাকে প্রতিষ্ঠানে উপস্থিত হতে হবে।
* প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের বিলম্বে উপস্থিতি শৃঙ্খলা পরিপন্থি আচরণ হিসেবে গণ্য করা হবে।
* ছাত্র-ছাত্রীদের করণীয়-বর্জনীয় বিষয়গুলো সব সময়ের জন্য যথাযথ ভাবে পালন করতে হবে।
* অনুপস্থিতির জন্য দিন ৫ টাকা হারে জরিমানা প্রদান করতে হবে। উপযুক্ত কারণ ছাড়া উপস্থিতির হার ৮০% এর কম হলে বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
* মোবাইল ফোন, ডিজিটাল ক্যামেরা, ট্যাবলেট পিসি, সোনার গহনা বা অন্যান্য মূল্যবান সামগ্রী প্রতিষ্ঠানে নিয়ে আসা যাবে না।
* প্রতিষ্ঠানের আসবাবপত্র ও অন্যান্য উপকরণ সঠিকভাবে ব্যবহার করতে হবে।
* অবশ্যই একাডেমিক ক্যালেন্ডার ও সিলেবাস অনুযায়ী প্রতিটি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
* পরীক্ষার জন্য নির্ধারিত ফি যথাসময়ে প্রদান করতে হবে।
* শিক্ষার্থীদের মাথার চুল পরিপাটি ও মার্জিত হতে হবে। বিশেষ করে মেয়েদের চুল ছোট হলে ঝুটি, বড় হলে বেনী করে আসা বাধ্যতামূলক এবং নির্ধারিত স্কুল ড্রেস, আইডি কার্ড, নেমপ্লেট, জুতা ও মোজা, ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির মেয়েদের এপ্রোন পরিধান করা বাধ্যতামূলক।
* প্রতিষ্ঠানে অধ্যয়নরত অবস্থায় কোনো রাজনৈতিক, অসামাজিক কার্যক্রম ও সন্ত্রাসী সংগঠনের সাথে জড়িত হওয়া যাবে না।
* কোন শিক্ষার্থীর দ্বারা প্রতিষ্ঠানের অন্য কোন শিক্ষার্থী, কর্মচারী-কর্মকর্তা, শিক্ষক বা অন্য কারো সাথে অসৌজন্যমূলক আচরণের প্রমাণ পেলে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে যে কোনো ধরনের কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।
* পরীক্ষা শুরুর দুই দিন আগে সমুদয় বকেয়া পরিশোধ সাপেক্ষে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশ পত্র ব্যতীত কোন শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।



আবাসিক শিক্ষার্থীদের “দ্বি-মাসিক” শিক্ষা সফর



“ফুটবল টুর্নামেন্ট ২০২২“ এর চ্যাম্পিয়ন দল

**দৃষ্টি আকর্ষণঃ আল-ফাইয়াজ আলিয়া মাদ্রাসা, রংপুর এ শিশু শ্রেণি হইতে ৮ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রী ভর্তি চলছে। উল্লেখ্য যে, এখানে নূরানী,নাজেরা ও হিফজ বিভাগ চালু আছে।**



# বাণী

সু-শিক্ষাই জাতির মেরুদন্ড। যে জাতি যত শিক্ষিত সে জাতি তত উন্নতির পথে এগিয়ে যাচ্ছে। ব্যক্তির সার্বজনীন গুনাবলির বিকাশ ও মানব সম্পদ উন্নয়নে শিক্ষার ভূমিকা সর্বাগ্রে। জাতির উন্নয়েনের মূল চালিকা শক্তি হচ্ছে শিক্ষা। শিক্ষা ব্যবস্থার মধ্যেই প্রতিফলিত হয় জাতীয় আশা আকাঙ্খা, অর্থনৈতিক সামাজিক ও সাংস্কৃতিক জীবন প্রবাহ। বাংলাদেশকে উন্নত দেশের কাতারে পৌছে দিতে পারে একমাত্র অত্যাধুনিক শিক্ষাব্যবস্থা। ফাইয়াজ স্কুল এন্ড কলেজ রংপুর বিভাগের একটি ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি আগামী দিনে অত্র অঞ্চলের সীমানা পেরিয়ে দেশ-বিদেশের মাটিতে সোনার বাংলার মা, মাটি ও মানুষের মাথা উঁচু করে রাখবে, ইনশাআল্লাহ। ফাইয়াজ পরিবারের অঙ্গীকার হচ্ছে, শিশু কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশ সাধন করা এবং তাদের দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা। অত্র প্রতিষ্ঠানটিকে পর্যায়ক্রমে এগিয়ে নিতে এ পদযাত্রায় সম্মানিত সকল সুধীজন, শিক্ষানুরাগী ব্যক্তি ও অভিভাবকদের অকুণ্ঠ সমর্থন, সার্বিক সহযোগিতা, পরামর্শ একান্তভাবে কামনা করছি।

**মোঃ জহিরুল ইসলাম (দুলাল)**
অধ্যক্ষ
ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর।
প্রাক্তন অধ্যক্ষ, জাহেদা খাতুন গার্লস স্কুল এন্ড কলেজ, রংপুর।

**শিক্ষার্থীর ভর্তি ফিঃ**

| শ্রেণি | নতুন শিক্ষার্থী | পুরাতন শিক্ষার্থী |
|---|---|---|
| প্লে থেকে নবম | ২০০০/- | ১০০০/- |

**শিক্ষার্থীদের মাসিক টিউশন ফি**

| শ্রেণি | অনাবাসিক (টিউশন ফি) |
|---|---|
| প্লে, নার্সারি | ৬০০/- |
| কেজি | ৬৫০/- |
| প্রথম | ৭০০/- |
| দ্বিতীয় | ৭৫০/- |
| তৃতীয় | ৮৫০/- |
| চতুর্থ | ৯০০/- |
| পঞ্চম | ১০০০/- |
| ষষ্ঠ | ১১০০/- |
| সপ্তম | ১২০০/- |
| অষ্টম | ১৩০০/- |
| নবম | ১৪০০/- |
| দশম | ১৫০০/- |

**আবাসিক শিক্ষার্থীদের ভর্তি ফিঃ**

| শ্রেণি | নতুন শিক্ষার্থী | পুরাতন শিক্ষার্থীদের নবায়ন ফি |
|---|---|---|
| তৃতীয় থেকে নবম | ৩০০০/- | ১৫০০/- |

**আবাসিক শিক্ষার্থীদের মাসিক বেতনঃ**

| শ্রেণি | আবাসিক ফি |
|---|---|
| তৃতীয় থেকে দশম | ৮০০০/- |

বি.দ্র. আবাসিক শিক্ষার্থীদের অনাবাসিক করা যাবে না। কোনো আবাসিক শিক্ষার্থী বিদ্যালয় পরিবর্তন করতে চাইলে ডিসেম্বর পর্যন্ত আবাসিক সিট চার্জ (নির্ধারিত) প্রদান করতে হবে।